**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এইচআইভি/এইডস প্রতিরোধে জন সচেতনতার উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পুলিশের মহানির্দেশকদের সর্বভারতীয় সম্মেলনে দেশের বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের নিরাপত্তা-সম্পর্কিত বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।**

**(৩) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিএসএফ-এর ৬০ তম প্রতিষ্ঠা দিবস উদযাপিত ।**

**(৪) রেড রান রাজ্যস্তরের দৌড় প্রতিযোগিতা আজ আগরতলায় সম্পন্ন।**

**World AIDS Day/ CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এইডস প্রতিরোধে জন সচেতনতার উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে। বিশেষ করে যুব সমাজকে এইচআইভি/এইডস বিষয়ে সচেতন করার লক্ষ্যে আরও বেশি করে কর্মশালা আলোচনাচক্রের আয়োজন করা প্রয়োজন। আজ প্রজ্ঞাভবনে রাজ্যভিত্তিক বিশ্ব এইডস দিবস উদযাপন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, অন্যান্য সাধারণ মানুষের মতো এইচআইভি আক্রান্তদেরও বাঁচার অধিকার রয়েছে। তাই এইচআইভি আক্রান্তদের বিরুদ্ধ কোন ধরণের বৈষম্যমূলক আচরণ করা হলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণেরও সুযোগ রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, শিরাপথে মাদক ব্যবহারকারীদের

চিকিৎসা ব্যবস্থায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের তত্ত্বাবধানে এবং ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির পরিচালনায় জম্পুই পাহাড়ের ভাঙমুন হাসপাতাল, কুমারঘাট হাসপাতাল, কৈলাশহর জেলা হাসপাতাল, ধলাই জেলা হাসপাতাল, জিরানীয়া সিএইচসি, অভয়নগর আরবান পিএইচসি এবং সামছাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ওপিওড সাবস্টিটিউশন থেরাপি সেন্টার স্থাপন করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন.............

#######BYTE########

**********************

**NSS:**

বিশ্ব এইডস দিবস উপলক্ষে আগরতলা মহিলা মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে এক সচেতনতামূলক প্রচার কর্মসূচি অনুষ্ঠিত হয়। কলেজের এনএসএস ইউনিটের ছাত্রীরা কলেজের সামনে থেকে এইডস সচেতনতার বার্তা নিয়ে দুর্গাবাড়ির সামনে উপস্থিত হয়। সেখানে পথচারীদের মধ্যে এইডস সচেতনতামূলক লিফলেট বিলি করা হয়।। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এন এস এস জাতীয় পুরস্কার প্রাপ্ত সুকান্ত সরকার, কলেজের এনএসএস ইউনিটের প্রোগ্রাম অফিসার রমা ভট্টাচার্য ।

**********************

**District Level.World Aids Day:**

সাব্রুমের কলাছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দক্ষিণ জেলাভিত্তিক এইডস দিবস আজ পালন করা হয়৷ স্কুল ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক শোভাযাত্রা ও সচেতনতা সভা অনুষ্ঠিত হয়।

**********************

**World AIDS Day:**

সিপাহীজলা জেলাতেও জেলার মূল অনুষ্ঠানটি হয় বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র প্রাঙ্গনে। তাছাড়া মেলাঘর হাসপাতালের উদ্যোগে রেলি ও এইডস সম্পর্কে সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সোনামুড়া মহকুমা স্ব্যস্থ্য আধিকারিক ডা: রাজেশ দাস, হাসপাতালের মেডিক্যাল অফিসারগণ ও মহকুমা আইনসেবা কতৃপক্ষের সঙ্গে যুক্ত আইনজীবীরা।

**********************

**World AIDS Day/Kailashahar:**

বিশ্ব এইডস দিবস আজ নানা কর্মসূচির মধ্য দিয়ে কৈলাশহরেও উদযাপিত হয়। কৈলাশহরের R.G.M হাসপাতাল চত্বরে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

তিনি বলেন, এইডস রোগ প্রতিরোধে সচেতনতা ও সাবধানতা বিশেষ জরুরী। সচেতনতার বার্তা সব অংশের মানুষের কাছে পৌঁছানোর উপর তিনি গুরুত্বারোপ করেন। বক্তব্য রাখেন, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, মহকুমা চিকিৎসা আধিকারিক ডাঃ পাপিয়া রুদ্রপাল প্রমুখ। এই উপলক্ষ্যে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

**********************

**Blood Donation-IGM/ CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নেশার করাল গ্রাস থেকে ত্রিপুরা রাজ্যকে রক্ষা করতে হলে সবার সম্মিলিত উদ্যোগ জরুরী। সরকার কিংবা পুলিশের পক্ষে একা নেশার বিরুদ্ধে লড়াই করা সম্ভব নয়। তাই সমাজের প্রতিটি সচেতন নাগরিকদের এই বিষয়ে এগিয়ে আসা উচিৎ। আজ প্রদেশ বিজেপি ডক্টরস সেল রাজ্য কমিটির উদ্যোগে আগরতলার আইজিএম হাসপাতালের নার্সিং কলেজ অডিটরিয়ামে আয়োজিত

এক স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন । রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্যী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার প্রমুখ।

**********************

**PM, Bhubaneswar:**

ভুবনেশ্বরে আয়োজিত সর্বভারতীয় পুলিশের মহানির্দেশক এবং পুলিশ মহাপরিদর্শক সম্মেলনের শেষদিনে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের গুরুত্বপূর্ণ নিরাপত্তা-সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করেন। আলোচনায় মূলতঃ সাইবার অপরাধ, উপকূলীয় নিরাপত্তা এবং মাওবাদী বিদ্রোহের বিরুদ্ধে আলোচনা করা হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালও সম্মেলনে উপস্থিত ছিলেন। ভুবনেশ্বরে ৩ দিনের সফর শেষ করে আজ সন্ধ্যায় দিল্লি ফিরেছেন প্রধানমন্ত্রী। বিজু পট্টনায়েক আন্তর্জাতিক বিমানবন্দরে ওড়িশার রাজ্যপাল রঘুবর দাস, মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি এবং আরও অনেক বিশিষ্ট ব্যক্তি তাঁকে বিদায় জানান।

**********************

**BSF Rising Day:**

সীমান্ত নিরাপত্তা বাহিনী (বিএসএফ) আজ ৬০তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করেছে। আগরতলা শালবাগানস্থিত বিএসএফ এর ত্রিপুরা ফ্রন্টিয়ার এর সদর দপ্তরে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয় । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিএসএফ জওয়ানদের শুভেচ্ছা জানান এবং সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি বজায় রাখার জন্য তাঁদের কাজের প্রশংসা করেন । রাজ্যের ৮৫৬ কিলোমিটার দীর্ঘ

ভারত-বাংলা সীমান্ত প্রহরা ও রক্ষার কাজে বিএসএফ জওয়ানদের নিরলসভাবে কর্তব্য পালনের উচ্ছসিত প্রশংসা করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, চোরাচালান ও সীমান্তে অনুপ্রবেশ দমনেও বিএসএফ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

এর আগে, মুখ্যমন্ত্রী বিএসএফ এর দেওয়া গার্ড অব অনার পরিদর্শন করেন এবং কর্তব্যরত অবস্থায় যারা জীবন উৎসর্গ করেছেন তাদের স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। এই অনুষ্ঠানে ১৯৭১ সালের যুদ্ধে অংশগ্রহণকারী প্রবীণ সেনানীদেরকে তিনি সম্বর্ধনা জানান। মুখ্যমন্ত্রী বিএসএফ এর ম্যাগাজিন "গজরাজ" প্রকাশ করেন।

**********************

**Nagaland Statehood Day:**

নাগাল্যান্ড দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নাগাল্যান্ডের জনগনের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন। আজ এক শুভেচ্ছা বার্তায় রাস্ট্রপতি বলেন, মনোরম প্রাকৃতিক পরিবেশে সমৃদ্ধ নাগাল্যান্ড বীরত্ব ও সাহসিকতার রাজ্যও। নাগাল্যান্ডের জনগনের জন্য রাষ্ট্রপতি এক শান্তিপূর্ণ, সমৃদ্ধ ও উন্নয়নশীল ভবিষ্যত কামনা করেন।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ও নাগাল্যান্ড দিবসে ওই রাজ্যের জনগনকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নাগাল্যান্ড ভারতের সাংস্কৃতিক এবং প্রাকৃতিক সম্পদের প্রতীক।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নাগাল্যান্ডের জনগনকে শুভেচ্ছা জানিয়ে বলেন, নাগাল্যান্ড কর্তব্য এবং সহমর্মিতার প্রতীক ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ নাগাল্যান্ডের জনগনকে শুভেচ্ছা জানান। তিনি ওই রাজ্যের উন্নতি ও সমৃদ্ধির প্রার্থনা করেন।

**********************

**Blood donation CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যে রক্তের যোগান সবসময় স্বাভাবিক রাখার লক্ষ্যে রাজ্যের সব ক্লাব এবং সংস্থাগুলি নিয়মিতভাবে রক্তদান শিবির আয়োজনের জন্য আহ্বান জানিয়েছেন। আজ আগরতলার রামনগরে আলোক সংঘে এক রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলি তুলে ধরে বলেন, রাজ্য সরকার জনগণের জন্য কাজ করে যাচ্ছে। তিনি প্রকল্পগুলির সুফল গ্রহণ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। রক্তদান শিবিরে মোট ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেছেন। অনুষ্ঠানে পৌরহিত্য করেন আলোক সংঘের সভাপতি আশীষ পাল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর ডঃ মনোজ কান্তি দেবরায় প্রমুখ।

***********************

**Human Rights:**

ত্রিপুরা মানবাধিকার কমিশনের উদ্যোগে আন্তর্জাতিক মানবাধিকার দিবস-২০২৪ উপলক্ষে আগরতলার কুঞ্জবন টাউনশিপে ত্রিপুরা মানবাধিকার কমিশন কার্যালয়ে অনুষ্ঠিত বসে আঁকো প্রতিযোগিতার উদ্বোধন করেন কমিশনের চেয়ারপার্সন অবসরপ্রাপ্ত বিচারপতি স্বপন চন্দ্র দাস। তিনি বলেন, প্রতি বছর ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন করা হয়। এই উপলক্ষে এই বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের সদস্য অবসরপ্রাপ্ত বিচারপতি উদিত চৌধুরী, সচিব রতন বিশ্বাস।

***********************

**Kobita O Sahitya Utsav:**

রাজ্যভিত্তিক অটল বিহারী বাজপেয়ী কবিতা ও সাহিত্য উৎসব আগামী পঁচিশ ও ছাব্বিশ ডিসেম্বর কৈলাশহরে অনুষ্ঠিত হবে।

এই উৎসবকে সামনে রেখে আজ কৈলাশহর সার্কিট হাউসে প্রস্ততি বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়।

**********************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**********************

**Red Run:**

রেড রান রাজ্যস্তরের দৌড় প্রতিযোগিতা আজ ব্যাপক উৎসাহে আগরতলায় সম্পন্ন হয়। বিশ্ব এইডস প্রতিরোধ দিবস উপলক্ষ্যে এই প্রতিযোগিতায় রাজ্যের আটটি জেলার নির্বাচিত খেলোয়াড়রা অংশ নেয়। সকালে উমাকান্ত একাডেমির সামনে থেকে পুরুষদের ৫ কিলোমিটার ও মহিলাদের ৩ কিলোমিটার দৌড় সম্পন্ন হয়। পুরুষ বিভাগের ধর্মনগরের বিজয় ওরাং ও মহিলা বিভাগে নিশা মালাকার প্রথম স্থান দখল করে। প্রথমবারের মত তৃতীয় লিঙ্গের খেলোয়াড়দের মধ্যেও হয় পৃথক প্রতিযোগিতা। এতে প্রথম পাঁচটি স্থান পায় কাজল তাঁতি ওরোই, অজয় বিশ্বাস, আকাশ সূত্রধর, উৎপল দাস এবং কমল দাস। দৌড়ের শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠান প্রজ্ঞা ভবনে হয়। ওই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা:

মানিক সাহা বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন। দৌড়ের সেরা অ্যাথলিটকে ২০ হাজার টাকা দেওয়া হয়।

**********************

**Mustak Ali:**

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের পঞ্চম খেলায় ত্রিপুরা জয়লাভ করেছে। আজ ইন্দোরে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৯ উইকেটে উত্তরাখণ্ডকে পরাজিত করে।

**********************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৬ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৯.৮ ডিগ্রি সেলসিয়াস।

**********************